ভোরের কাগজ

তারিখ ... JUL 19 1999 ...
পৃষ্ঠা ২০ ... কলাম ... ৭ ......

73

# বন্যার কারণে পলিটেকনিক শিক্ষকদের আন্দোলন কর্মসূচিতে পরিবর্তন

বন্যার কারণে বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতি তাদের পূর্বঘোষিত মাসব্যাপী আন্দোলন কর্মসূচি কিছুটা সংশোধন করেছে।

সংশোধিত কর্মসূচি অনুযায়ী আগামী ১৯ জুলাই থেকে ১৩ সেপ্টেম্বর পর্যন্ত গণসংযোগ, বিভিন্ন পেশাজীবী সংগঠন, রাজনৈতিক নেতৃবৃন্দ, এমপি ও মন্ত্রীদের সঙ্গে মতবিনিময়, দেশের বিভিন্ন পলিটেকনিকে ছাত্র-শিক্ষক ও ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের যৌথ বিক্ষোভ সমাবেশ এবং মৌন মিছিলসহ জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি পেশ করা হবে।

১৩ সেপ্টেম্বর ঢাকাস্থ বিভিন্ন পলিটেকনিকের যৌথ বিক্ষোভ সমাবেশ এবং শিক্ষামন্ত্রী ও শিক্ষা সচিবের কাছে স্মারকলিপি পেশ করা হবে।

এরপরেও দাবি মানা না হলে ঢাকায় দেশের ২০টি পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষকদের মহাসমাবেশ ও প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি পেশ করা হবে। ঢাকায় মহাসমাবেশ ও স্মারকলিপি পেশের পরও দাবি মানা না হলে পরবর্তী সময়ে দাবি আদায় না হওয়া পর্যন্ত অবিরাম কর্মসূচি গ্রহণ করা হবে।

১৯৯৯-২০০০ সেশন থেকে ৪ বছরমেয়াদি ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্স চালু, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের অপসারণ, নতুন ২০টি পলিটেকনিক স্থাপনসহ ১০ দফা দাবিতে পলিটেকনিক শিক্ষকরা এ আন্দোলন করছেন। বিজ্ঞপ্তি।